

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭/১১/২০১৮ ইং তারিখ রোজ শনিবার অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিতব্য খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি পরীক্ষায় প্রত্যবেক্ষণ ও অন্যান্য কাজে সহযোগিতা করার জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এ প্রেক্ষিতে প্রত্যবেক্ষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণকে ইউনিট- A ও ইউনিট- B উভয় ইউনিটে প্রত্যবেক্ষক হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে। সকল ১ম শ্রেণীর কর্মকর্তাকে ইউনিট- A এর প্রত্যবেক্ষক হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে।

উক্ত পরীক্ষায় দায়িত্ব পালনের জন্য সকলকে নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। শুধুমাত্র জরুরী প্রয়োজনে দায়িত্ব পালনে অপারগ হলে এবং নিকট আত্মীয় পরীক্ষা অংশগ্রহণ করলে তাঁকে অবশ্যই আগামী ১২/১১/২০১৮ ইং তারিখ সোমবার বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে ভর্তি পরীক্ষার জন্য গঠিত কমিটির সভাপতি মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার কে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


প্রশাসনিক ভবনে সকল প্রত্যবেক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের ইউনিট ভিত্তিক রিপোর্টিং সময় নিম্নরূপঃ

ইউনিট	প্রত্যবেক্ষক	পরীক্ষার সময়সূচী	রিপোর্টিং সময় ও প্রশ্নপত্র গ্রহণ
ইউনিট-A	সকল ১ম শ্রেণীর কর্মকর্তা (গ্রেড-৯ থেকে গ্রেড-৩)	সকাল ৮-৩০মি. হতে ১০-০০মি.	সকাল ৭-৪৫ মি.
ইউনিট-B	সকল শিক্ষক	-----	দুপুর ১২-০০মি. হতে ১-৩০মি.

* শুধুমাত্র রুম ইন-চার্জগণ প্রশ্নপত্র বুঝে নেওয়ার জন্য উপরোক্ত সময়ে প্রশাসনিক ভবনের সভাকক্ষে প্রবেশ করবেন। (রুম-ইন-চার্জ হিসেবে দায়িত্বপালনকারী শিক্ষকগণের তালিকা সংশ্লিষ্ট শিক্ষককে যথাসময়ে জানানো হবে)

অন্যান্য কাজে সহযোগিতা করার জন্য ২য় শ্রেণীর কর্মকর্তা (গ্রেড-১০) ও কর্মচারীগণের (গ্রেড ১১ থেকে গ্রেড ২০) দায়িত্বের তালিকা আগামী ১৪/১১/২০১৮ ইং তারিখে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের নীচ তলার নোটিশ বোর্ডে ও পরীক্ষা শাখায় পাওয়া যাবে। উক্ত তালিকা হতে স্ব স্ব ব্যক্তির কর্তব্য ও স্থান নিজ দায়িত্বে জেনে নেওয়া যাবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।


২২/১১/১৮
(জি, এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- খুপ্রবি/ ১৪৬২/১০

তাং- ১১/১১/১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সভাপতি, খুলনা বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ ভর্তি পরীক্ষার জন্য গঠিত কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। ভিসি মহোদয়ের একান্ত সচিব, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সংরক্ষণ নথি।

তাঁর বিভাগে/দপ্তরে/শাখায় কর্মরত সকলকে বিষয়টি অবগত করানোর জন্য অনুরোধ করা


১১/১১/১৮
(মোঃ মনিরুজ্জামান)
সেকশন অফিসার